

যে সকল ক্ষেত্রে যােগদানকাল প্রাপ্য

সরকারি চাকরিতে প্রথম যোগদান বা বদলিজনিত কারণে প্রথম যোগদান বা ছুটির পরে কর্মস্থলে যোগদান ও ভ্রমণ জনিত ইত্যাদি কারণে যোগদানকার প্রাপ্য কিনা সে বিষয় নিয়েই আজ আলোচনা করবো। বাংলাদেশ সার্ভিস রুলস, প্রথম খণ্ডের বিধি-৬০ অনুযায়ী সরকারী কর্মচারী | নিম্নোক্ত ক্ষেত্রে যােগদানকাল পাইবার অধিকারী-

(এ) পূর্ব পদে কর্মরত থাকাকালীন সময়ে অন্যত্র নতুন পদে নিয়োগপ্রাপ্ত হইলে সেই ক্ষেত্রে, নতুন পদে যােগদানের জন্য; অথবা

(বি) নিম্নবর্ণিত ক্ষেত্রে নতুন পদে যােগদানের উদ্দেশ্যে-

(i) অনধিক চার মাসের গড় বেতনের ছুটি অথবা একই সঙ্গে চার মাসের বেশী নহে এমন অবকাশকাল এবং গড় বেতনের ছুটি হইতে প্রত্যাবর্তন করিয়া নতুন পদে যােগদানের জন্য; অথবা

(ii) কর্তৃপক্ষ যদি মনে করেন নতুন নিয়োগ সম্পর্কে সংশ্লিষ্ট কর্মচারীকে পর্যাপ্ত সময় পূর্বে অবহিত করা হয় নাই, তাহা হইলে (i) উপ-অনুচ্ছেদে বর্ণিত ছুটির ক্ষেত্র ব্যতীত অন্যান্য ছুটি হইতে প্রত্যাবর্তন করিয়া নতুন পদে যােগদানের জন্য; অথবা

(সি) বিদেশে চার মাসের বেশী সময়ের ছুটি (অবকাশকালসহ) ভােগ করিয়া দেশে প্রত্যাবর্তন করিয়া বন্দর হইতে কর্মস্থলে যােগদানের জন্য মঞ্জুরীকৃত সময়ের জন্য; অথবা

(ডি) নিম্নোক্ত ক্ষেত্রে ভ্রমণের জন্য-

i) ছুটি হইতে প্রত্যাবর্তনের পর কোন নির্ধারিত স্থান হইতে দুর্গম অঞ্চলের কর্মস্থলে যাইবার জন্য; অথবা

(i) দুর্গম অঞ্চলের কোন কর্মস্থলের দায়িত্ব ভার অর্পণের পর কোন নির্ধারিত স্থানে ছুটিতে যাইবার জন্য।